

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 13.11.2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) কঠোর নিরাপত্তায় রাজ্যের ৫ জেলায় ৬ টি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ভোটগ্রহণ শুরু হয়েছে। চলবে সংখ্যা ৬ টা পর্যন্ত। ৪২ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করছেন ১৫ লক্ষ ২২ হাজারের বেশি ভোটদাতা। অবাধ ও সুষ্ঠু ভোটগ্রহণ সুনিশ্চিত করতে মোতায়েন করা হয়েছে ১০৮ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী।
- ২) রাজ্য খসড়া ভোটার তালিকায় মোট ভোটদাতার সংখ্যা ৭ কোটি ৪৪ লক্ষ ৯২ হাজার ৪৫৩।
- ৩) পাহাড়ে সফররত মুখ্যমন্ত্রী আজ দার্জিলিং-এ সরস মেলার উদ্বোধন করবেন।
- ৪) বিজেপি, বেকার যুবক যুবতীদের নিয়ে একটি পোর্টল চালু করবে।
- ৫) বাংলাদেশের সঙ্গে আর্থিক লেনদেন সহ বিভিন্ন অভিযোগে ইতি মধ্যমগ্রাম থেকে এক দম্পত্তিকে আটক করেছে।
- ৬) ইন্দোরে আজ রঞ্জি ট্রফি ক্রিকেটের ম্যাচে বাংলা, মধ্য প্রদেশের বিরুদ্ধে খেলবে।

কঠোর নিরাপত্তায় রাজ্যের ৫ জেলায় ৬ টি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ভোটগ্রহণ শুরু হয়েছে। চলবে সংখ্যা ৬ টা পর্যন্ত। কোচবিহারের সিতাই,

আলিপুরদুয়ারের মাদারিহাট, পশ্চিম মেদিনীপুরের মেদিনীপুর, বাঁকুড়ার তালডাংরা এবং উত্তর ২৪ পরগণার নৈহাটি ও হাড়োয়া এই ৬ টি আসনে প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন ৪২ জন প্রার্থী। ১৫ লক্ষ ২২ হাজারের বেশি ভোটদাতা এক হাজার ৫৮৩ টি বুথে তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করছেন। অবাধ ও সুষ্ঠু ভোটগ্রহণ সুনিশ্চিত করতে মোতায়েন করা হয়েছে ১০৮ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এবং সম সংখ্যক কুইক রেসপন্স টিম। পাশাপাশি রয়েছে রাজ্য পুলিশের সশস্ত্র বাহিনীও। ১০০শতাংশ বুথেই ওয়েব কাস্টিং এর ব্যবস্থা করা হয়েছে। ভোট পরিচালনায় কড়া নজরদারির জন্য প্রতিটি কেন্দ্রে রয়েছেন তিনজন করে পর্যবেক্ষক। একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট

সিতাইয়ে ৭ জন প্রার্থী রয়েছেন। ভোটদাতার সংখ্যা ৩ লক্ষ ৫ হাজার ৫০০। ১৮ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী ও ৯০০ রাজ্য পুলিশ কর্মী মোতায়েন করা হয়েছে।

মাদারিহাট বিধানসভা আসনে মোট প্রার্থী রয়েছেন ৭ জন। ভোটদাতার সংখ্যা ২ লক্ষ ২০ হাজারের কিছু বেশি। ১৮ কোম্পানী কেন্দ্রীয় বাহিনীর পাশাপাশি ৬৪২ জন রাজ্য পুলিশ কর্মী নজরদারির দায়িত্বে রয়েছেন।

মেদিনীপুরে ভোটদাতার সংখ্যা ২ লক্ষ ৯১ হাজার ৬৪৩। ৩০৪ টি ভোটগ্রহণ কেন্দ্রে তারা গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করছেন। এর মধ্যে ২ টি ভোটগ্রহণ কেন্দ্র মহিলা পরিচালিত। প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন ৫ জন।

এদিকে ভোটের আগে গতরাতে ডেবরায় দলীয় কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি মেদিনীপুরের পুলিশ সুপার এবং শালবনী ও পিরাকাটা থানার ওসিদের বিরুদ্ধে পোলিং এজেন্টদের ধর্মকানো ও অবৈধভাবে

আটকের অভিযোগ করেছেন। ধেরয়া চাঁদরা ও কাশিজোড়া এলাকাতে তাদের দলের কর্মীদের ধরপাকড় করা হচ্ছে বলেও তার আরও অভিযোগ।

তাংলদাংড়ায় ৫ জন প্রার্থীর ভাগ্য নির্ধারণ করবেন ২ লক্ষ ৪১ হাজারের বেশি ভোটদাতা। নিরাপত্তার দায়িত্বে রয়েছে ২২ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী।

নৈহাটিতে এক লক্ষ ৯৩ হাজার এবং হাড়োয়ায় ২ লক্ষ ৬৯ হাজার ভোটদাতা তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করবেন। নৈহাটিতে ২১০ ও হাড়োয়ায় ২৭৯ টি ভোটকেন্দ্র খোলা হয়েছে। দুই কেন্দ্রেই প্রার্থী রয়েছেন ৯ জন করে। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন,

ভয়েসকাস্ট

রাজ্যের খসড়া ভোটার তালিকা প্রকাশিত হয়েছে। এই তালিকা অনুসারে মোট ভোটারের সংখ্যা ৭ কোটি ৪৪ লক্ষ ৯২ হাজার ৪৫৩। এর মধ্যে পুরুষের সংখ্যা ৩ কোটি ৭৮ লক্ষের বেশি। মহিলা ভোটার রয়েছেন ৩ কোটি ৬৬ লক্ষের অধিক। এক হাজার ৮৪৭ জন ভোটার তৃতীয় লিঙ্গের। এবার ৬ লক্ষ ২৮ হাজার ৯৫৩ জনের নাম সংযোজিত হয়েছে। বাদ গেছে ৪ লক্ষ ৫৬ হাজার ৮৫৪ জনের নাম। সার্ভিস ভোটার সংখ্যা এক লক্ষ ১২ হাজার ৯৫২।

নির্বাচন কমিশন জানিয়েছে, সমস্ত সরকারি অফিসে এই খসড়া ভোটার তালিকা টাঙানো থাকবে। এ ব্যাপারে কারো কোনও আপত্তি থাকলে তার বক্তব্য শোনা হবে। জানুয়ারির পাঁচ তারিখে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে বলে কমিশন জানায়।

এদিকে, ভোটার তালিকায় নাম সংশোধন, সংযোজন এবং বিয়োজনের কাজ আজ থেকে শুরু হয়েছে। শনি ও রবিবার থাকছে বিশেষ শিবিরের বন্দোবস্ত।

উৎসবের মরশ্ড এবং সাম্প্রতিককালে জনস্বার্থে রেল কি কি ব্যবস্থা নিয়েছে সেই নিয়েই আজ শোনা যাবে একটি আলোচনা 'জনস্বার্থে রেল'। অনুষ্ঠানে অংশ নিয়েছেন পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র ও দক্ষিণ পূর্ব রেলের জনসংযোগ আধিকারিক সোপান দত্ত। সপ্তাহান্তর সুস্থিতা মণ্ডল। সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে রাত সাড়ে নটায় গীতাঞ্জলী, ১০৭ প্রচারতরঙ এবং DTH বাংলায়।

পাহাড়ে সফররত মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ দার্জিলিং-এর চৌরাস্তায় 'সরস মেলা'র উদ্বোধন করবেন। আগামীকাল তিনি যাবেন শিলিঙ্গড়ি। সেখানেও তাঁর বেশ কিছু কর্মসূচী রয়েছে।

উল্লেখ্য, উত্তরবঙ্গ সফরে মুখ্যমন্ত্রী গতকাল দার্জিলিংয়ে জিটিএ সহ বিভিন্ন জনজাতি উন্নয়ন পর্ষদের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকের পর জানান পাহাড়ের প্রতিভাবান তরুণ প্রজন্মের কর্মসংস্থানের জন্য রাজ্য সরকার একটি বিশেষ পোর্টাল চালু করবে। একই সঙ্গে পাহাড়ের উন্নয়নে একগুচ্ছ প্রকল্পের সূচনার কথা জানিয়েছেন তিনি। তরুণ প্রজন্মকে কাজের উপযোগী করে তুলতে সরকারিভাবে ৪টি ক্ষিল ডেভলপমেন্ট সেন্টার বা দক্ষতা বিকাশ কেন্দ্র চালু করার কথাও জানান।

বাইট

মুখ্যমন্ত্রী বলেন, পাহাড়ের অগ্রগতি নিয়ে সব উন্নয়ন পর্ষদের মতামত চাওয়া হয়েছে। জিটিএ চেয়ারম্যান অনীত থাপা পাহাড়ের বিকাশে রাজ্য সরকারের ভূমিকার প্রশংসা করে বলেন, মুখ্যমন্ত্রীর উদ্যোগে পাহাড়ের পর্যটন ব্যবসার প্রভূত উন্নতি হয়েছে। সরকারের উত্পাদন ভিত্তিক উৎসাহ নীতির ফলে গ্রামে গ্রামে হোম স্টে তৈরি হয়েছে। এই ধারা অব্যাহত রাখতে শান্তির পরিবেশ বজায় রাখার উপরেও জিটিএ চেয়ারম্যান বিশেষ গুরুত্ব আরোপ করেছেন।

বিজেপি বেকার যুবক যুবতীদের নিয়ে একটি পোর্টাল চালু করবে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল হাওড়ায় এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন, বেকার যুবক যুবতীদের নাম ওই পোর্টালে নথিভুক্ত করা হবে। তার অভিযোগ, রাজ্য ছয় লক্ষ স্থায়ী সরকারি পদ অবলুপ্ত হয়েছে। রাজ্য মন্ত্রীসভার প্রতিটি বৈঠকে স্থায়ী পদ লুপ্ত করা হয়েছে।

বাইট

বিরোধী দলনেতা আরও বলেন, বিধানসভার আসন্ন অধিবেশনে বিজেপির পক্ষ থেকে গ্রন্থি ডি কর্মীদের বিষয়ে আলোচনার জন্য মুলতবি প্রস্তাব জমা দেওয়া হবে। পাশাপাশি আগামী দিনে সব গ্রন্থি-ডি কর্মচারী, চাকরিপ্রার্থী সংগঠন এবং বেকার যুবক যুবতীদের নিয়ে মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে বৃহত্তর আন্দোলন করা হবে।

উল্লেখ্য, শ্রী অধিকারী গতকাল হাওড়ার মন্দিরতলায় গ্রন্থি ডি চাকরি প্রার্থীদের অবস্থান বিক্ষেপে উপস্থিত ছিলেন।

তরঙ্গের স্বপ্ন প্রকল্পে পড়ুয়াদের ট্যাবের টাকা নিয়ে কেনেক্ষারি রুখতে রাজ্য সরকার ভবিষ্যতে সতর্ক হওয়ার নির্দেশ দিয়েছে। ওই প্রকল্পে আধার কার্ড সংযুক্তির মাধ্যমে পড়ুয়াদের ট্যাবের টাকা দেওয়ার কথা ভাবা হচ্ছে। এতদিন এই নিয়ম ছিলনা। আগামী বছর থেকে আধার সংযুক্তির পরিকল্পনা কার্যকর করার জন্য স্কুল শিক্ষা দফতরকে নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য সম্প্রতি রাজ্যজুড়ে ৩০০-রও বেশি পড়ুয়ার ট্যাবের টাকা গায়ের হয়ে যাওয়ার অভিযোগ ওঠে। এই প্রসঙ্গে বিভিন্ন জেলায় রিপোর্ট চেয়েছিল রাজ্য স্কুল শিক্ষা দফতর।

এদিকে, ট্যাব কেলেক্ষারির ঘটনায় বর্ধমান জেলা পুলিশ মালদা থেকে হাসেম আলি নামে একজনকে গ্রেপ্তার করেছে।

আবাস যোজনা প্রকল্পে চূড়ান্ত পর্যায়ের সমীক্ষার কাজ নির্ধারিত সময়ের মধ্যেই শেষ হবে বলে রাজ্য সরকার নির্দেশ দিয়েছে। ইতিমধ্যেই প্রায় ৯০ শতাংশ উপভোক্তার সমীক্ষা শেষ হয়েছে বলে জানা গেছে। ১৪ নভেম্বরের মধ্যে সমীক্ষা শেষ করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। চূড়ান্ত তালিকা প্রকাশের আগে উপভোক্তাদের নাম, ব্যক্ত অ্যাকাউন্ট নম্বর ও আইডি-সহ সব তথ্য নথিভুক্ত করার কাজে আরও বেশি সতর্ক থাকতে বলেছে পঞ্চায়েত দপ্তর।

বাংলাদেশের সঙ্গে আর্থিক লেনদেন এবং কালো টাকা সাদা করার আন্তর্জাতিক চক্রের বিরুদ্ধে অভিযান চালিয়ে ইডি, গতকাল উত্তর ২৪ পরগণার মধ্যমগ্রাম থেকে এক দম্পতিকে আটক করেছে। সকাল থেকেই কলকাতা সহ রাজ্যের ১২ টি জায়গায় তল্লাশি চালান কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আধিকারিকরা। উত্তর ২৪ পরগণারই একাধিক জায়গায় চলে তল্লাশি। প্রায় ১১ ঘন্টা অভিযান চালানোর পর অভিজিত্ বসু ও পিঙ্কি বসু নামে ঐ দম্পতিকে আটক করা হয়। হাবরায় পোশাক ব্যবসায়ী পার্থ সাহার বাড়ি থেকে বেরনোর সময় এক আধিকারিকরা জানান, একটি ফোন নম্বরের সূত্র ধরে সেখানে হানা দেওয়া হয়। তবে ব্যবসায়ীর বাড়িতে কিছুই মেলেনি।

পেট্রাপোল সীমান্তে মুদ্রা বিনিময়ের কারবারি ইয়াকুব শেখকে জেরা করেন আধিকারিকরা। পাশাপাশি বনগাঁর পূর্ব পাড়ায় গাড়ি চালক পিন্টু হালদারের বাড়িতেও যায় ইডির দল। তার বিরুদ্ধে সোনা পাচার, ক্রিকেট বেটিং সহ ভূভির মাধ্যমে আর্থিক লেনদেনের অভিযোগও রয়েছে।

ইন্দোরে আজ রঞ্জি ট্রফি ক্রিকেটের ম্যাচে বাংলা, মধ্য প্রদেশের বিরুদ্ধে খেলবে। এই ম্যাচে প্রায় এক বছর পর মহম্মদ শামি মাঠে ফিরছেন। বাংলার হয়ে খেলার জন্যে জাতীয় ক্রিকেট অ্যাকাডেমির তরফে ছাড়পত্র পেয়েছেন এই ভারতীয় পেসার। সি এ বি র পক্ষ থেকে গতকাল এ খবর জানানো হয়েছে।

উল্লেখ্য গত বছর নভেম্বরে আমেদাবাদে একদিনের বিশ্বকাপ ফাইনালে পর চোট সমস্যার জন্য আর মাঠে নামেননি শামি।

Chess India Rapid ও Blitz টুর্নামেন্ট আজ কলকাতার আলিপুরে ধনধান্য অডিটরিয়ামে শুরু হচ্ছে। চলবে রবিবার পর্যন্ত।

প্রথম রাউন্ডে পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন ম্যাগনাস কার্লসেন, রমেশবাবু প্রজ্ঞানন্দর মুখোমুখি হবেন। গতকাল টুর্নামেন্টের ক্রীড়াসূচি ঘোষণা করা হয়।

অনুষ্ঠানে বিশ্বের সর্ব কনিষ্ঠ হিসাবে ফিডের তালিকায় এলো রেটিং পাওয়া তিনি বছরের অনিশ সরকার সকলের নজর কাড়ে।

আসন্ন জাতীয় ফুটবল প্রতিযোগিতা সন্তোষ ট্রফির বাছাই পর্বের জন্য ২২ সদস্যর বাংলা দল ঘোষণা করা হয়েছে। ৩২ বারের বিজয়ী বাংলা শনিবার কল্যানীতে গ্রন্থপ সি,

ର ମ্যାଚେ ଝାଡ଼ଖଣେର ମୁଖୋମୁଖୀ ହବେ । ୧୮ ଇ ନଭେମ୍ବର ଉତ୍ତର ପ୍ରଦେଶ, ବିଶେ ନଭେମ୍ବର ବିହାର ଏର ବିରଳଦ୍ଵେ ଖେଳବେ । ୯ ଟି ଗ୍ରାମେ ୩୫ ଟି ଦଳ ଯୋଗ୍ୟତା ଅର୍ଜନ ପର୍ଯ୍ୟାୟେ ଅଂଶ ନେବେ ।
